তারিখ 7 JUL 2017
পৃষ্ঠা ২৪ কলাম ৫

যুগান্তর

# এইচএসসি পরীক্ষার ফল ২৩ জুলাই

**যুগান্তর রিপোর্ট**

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল ২৩ জুলাই প্রকাশ করা হবে। প্রধানমন্ত্রী এ ব্যাপারে সম্মতি দিয়েছেন। ওই দিন প্রধানমন্ত্রীর কাছে ফলাফলের সারসংক্ষেপ হস্তান্তর করা হবে। পরে শিক্ষা মন্ত্রণালয়ে আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনে ফল প্রকাশের ঘোষণা দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহাবুবুর রহমান যুগান্তরকে বলেন, ২৩ জুলাই ফল প্রকাশের ব্যাপারে আমরা মন্ত্রণালয় থেকে নির্দেশনা পেয়েছি। এখন সে অনুযায়ী প্রস্তুতি চলছে।

নজিরবিহীন সতর্কতার মধ্য দিয়ে ১ এপ্রিল এ পরীক্ষা শুরু হয়েছিল। এবার ১০ শিক্ষা বোর্ডের অধীনে ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ জন পরীক্ষার্থী অংশ নেয়। তাদের লিখিত পরীক্ষা শেষ হয় ১৫ মে। ব্যবহারিকসহ পরীক্ষা শেষ হয় ২৫ মে। এবারের এসএসসি পরীক্ষার ফল লিখিত পরীক্ষা শেষ হওয়ার দিন থেকে

■ পৃষ্ঠা ২৩ : কলাম ৫

## এইচএসসি পরীক্ষার

(শেষ পৃষ্ঠার পর)

৬০ দিনের মধ্যে প্রকাশ করা হয়। কিন্তু এইচএসসির ফল ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার দিন থেকে দুই মাসের মধ্যে প্রকাশ করা হচ্ছে। এ ব্যাপারে ঢাকা বোর্ডের চেয়ারম্যান জানান, এবার এইচএসসি পরীক্ষার রুটিনে গত বছরের চেয়ে ২৩ দিন সময় কমানো হয়। এ সময়টা পরীক্ষা শুরু থেকে শেষ হওয়ার মধ্যে ছিল। সাধারণত প্রথমদিকে শেষ হওয়া বিষয়ের খাতা পরীক্ষা চলাকালেই নিরীক্ষা শেষ করানো হয়। সেই হিসাবে ফলা প্রস্তুতির ক্ষেত্রে এ ২৩টি দিন কম পাওয়া গেল। সে কারণে ব্যবহারিকের ১০ দিন নেয়া হয়। বরং এ হিসাবে ফল প্রস্তুতির ক্ষেত্রে ১৩ দিন কম পাওয়া গেল।